



## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

Narayanganj City Corporation

নগর ভবন, ১০ বি বি রোড, নারায়ণগঞ্জ-১৪০০, বাংলাদেশ।

www.ncc.gov.bd



স্মারক নং- ৪৬.১৬.০০০০.০৩২.৩৩.০২৫.২৩-২৬/

তারিখ:

### “ফ্ল্যাট বরাদ্দের বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মালিকানাধীন নিম্নবর্ণিত নির্মিত/ নির্মাণাধীন ভবনে বিভিন্ন আয়তনের ফ্ল্যাট নির্ধারিত মূল্যে বরাদ্দ প্রদানের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিক/ অগ্রহী ব্যক্তিগণের নিকট হতে সিলগালাকৃত আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

### “ফ্ল্যাটের বিবরণ”

ক্র.নং	ভবনের নাম	অবস্থান	ফ্ল্যাট সংখ্যা	প্রতি বর্গফুটের মূল্য (কার্পেট এরিয়া)	ফ্ল্যাট টাইপ/ আয়তন (বর্গফুট)	তলা	বুকিং মানি (ফ্ল্যাট মূল্যের)
১	শাপলা সিটি প্রাজা-১	১২ নং ওয়ার্ড খানপুর নর্থ রোড	৩৬টি	৫৫০০/-	এ- ৮৭২ বি-১২৭১ সি- ৯৯১ ডি-১১৪৫ এ-১২৫৮ বি- ১৩০৪ সি- ৯৯১ ডি-১১৪৫	২য় তলা ৩য়-১০ম	২০%
২	বকুলতলা সিটি প্রাজা-১	১৯ নং ওয়ার্ড এম এন যোমাল রোড মদনগঞ্জ, বন্দর	৯টি	৪২০০/-	এ- ১০২০ বি- ৯১৮ সি-৯১৮	৩য়- ৫ম	২০%

আবেদনপত্র বিক্রয়ের স্থান	হিসাব বিভাগ, নগর ভবন, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নারায়ণগঞ্জ।
বিক্রয়ের তারিখ	১৮/০১/২০২৬ হতে ২৯/০১/২০২৬ খ্রি: তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়)।
আবেদন গ্রহণ/খোলার তারিখ ও সময়	০১/০২/২০২৬ খ্রি: সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত আবেদন জমার বাস্তব গ্রহণ এবং ৩.০০ টায় খোলা হবে। নগর ভবনস্থ প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
লটারির তারিখ ও সময়	০৩/০২/২০২৬ খ্রি: বিকাল ৩.০০ টায় প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

- ফ্ল্যাট বরাদ্দের বিজ্ঞপ্তিতে তথ্য সম্বলিত আবেদন ফরম এ অফিসের হিসাব বিভাগ (৬ষ্ঠ তলা) থেকে প্রতিটি ফ্ল্যাটের জন্য ২,০০০/- (দুই হাজার) টাকা (অফেরৎযোগ্য) মূল্যে ক্রয় করা যাবে এবং অন্যান্য তথ্য বাজার শাখা থেকে জানা যাবে।
- আবেদনপত্র যাচাই-বাছাইপূর্বক একই ফ্ল্যাটের জন্য একাধিক আবেদন পাওয়া গেলে উপস্থিত আবেদনকারীগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) লটারির মাধ্যমে বরাদ্দগ্রহীতা নির্ধারণ করা হবে এবং যে সকল ফ্ল্যাটের দরদাতা/আবেদন পাওয়া যাবে না সে সকল ফ্ল্যাটের ক্ষেত্রে “আগে আসলে আগে পাবেন” ভিত্তিতে বরাদ্দ দেয়া হবে।
- কোনো প্রকার কারণ প্রদর্শন ব্যতিরেকে কর্তৃপক্ষ যেকোনো অথবা সকল আবেদনপত্র বাতিল কিংবা গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।

(স্বাক্ষরিত)

(মোঃ নূর কুতুবুল আলম)  
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

ও

সচিব (উপসচিব)

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

ফোন-২২৪৪৩৮৬৯৬

ই-মেইল: secretary@ncc.gov.bd.

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০৩২.৩৩.০২৫.২৩-২৬/২২(৪)

তারিখ: ১৪/০১/২০২৬ খ্রি:

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- সম্পাদক, -----[তাকে উপর্যুক্ত বিজ্ঞপ্তি ৪ কলামে ৮ ইঞ্চি পরিসরে ১ (এক) দিন ছাপানোর জন্য অনুরোধ করা হলো।]
- তথ্য প্রযুক্তি কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন তাকে বিজ্ঞপ্তি অনলাইনে ও ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- পিএ টু প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(স্বাক্ষরিত)  
14.01.2026

সচিব (উপসচিব)

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।